



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

ই-মেইল : bbacollege@gmail.com

www.bbagc.edu.bd

তারিখ: ২৯/০৫/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শ্রেণির কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং : ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭৫৩ তারিখ: ২৭/০৪/২০২৬মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শ্রেণির জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত কোটার মেধা তালিকায় ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ৩০/০৪/২০২৬ তারিখ হতে ০৫/০৫/২০২৬ তারিখ পর্যন্ত চলবে। মনোনিত শিক্ষার্থীদের আগামী ০৫/০৫/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম প্রিন্ট করার পর স্বশরীলে ভর্তিচ্ছু বিভাগে উপস্থিত হয়ে বিভাগ হতে নিম্নলিখিত কাগজপত্র যাচাইপূর্বক কলেজ অফিস হতে কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে।


(১) মুক্তিযোদ্ধা কোটা (FQ) সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি, এইচএসসি ও স্নাতক পাস পরীক্ষা-এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (ঘ) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অন্তর্ভুক্ত রয়েছে তার কপি, (ঙ) মুক্তিযোদ্ধার জেলা কমান্ডার অথবা উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র, (চ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি।

(২) অন্য যেকোন কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি, এইচএসসি ও স্নাতক পাস পরীক্ষা-এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত কোটার সনদের মূল কপি ও ফটোকপি, (গ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি।

ভর্তি ফি এর বিবরণ

ক্রমিক নং	বিষয়	ভর্তি ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৬২০/- ফিসহ)	সেমিনার ফি	মোট টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)	ভর্তি ফি পরিশোধের তারিখ
১.	বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৪,৬৯৫/-	৪৫০/-	৫,১৪৫/-	০৩/০৫/২০২৬ তারিখ হতে ০৬/০৫/২০২৬ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত
২.	সমাজকর্ম	৫,৬২০/-	৪৫০/-	৬,০৭০/-	
৩.	পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা	৪,৬৪৫/-	৬০০/-	৫,২৪৫/-	

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।


০৩.৫.২৬
অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর